

আয-যারিয়াত | Adh-Dhariyat | الذَّارِيَّات

আয়াতঃ ৫১ : ৩৪

আরবি মূল আয়াত:

مُسَوِّمَةً عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِينَ ﴿٣٤﴾

অনুবাদসমূহ:

‘যা তোমার রবের পক্ষ থেকে চিহ্নিত সীমালংঘনকারীদের জন্য’। — আল-বায়ান

যা তোমার প্রতিপালকের নিকট চিহ্নিত হয়ে আছে সীমালংঘনকারীদের জন্য। — তাইসিরুল

যা সীমালংঘনকারীদের জন্য চিহ্নিত তোমার রবের নিকট হতে। — মুজিবুর রহমান

Marked in the presence of your Lord for the transgressors." — Sahih International

৩৪. যা সীমালংঘনকারীদের জন্য চিহ্নিত আপনার রবের কাছ থেকে।(১)

(১) ফেরেশতারা বলল, যা আল্লাহর পক্ষ থেকে বিশেষ চিহ্নযুক্ত ছিল অথবা প্রত্যেক কংকরের গায়ে সেই ব্যক্তির নাম লিখিত ছিল, যাকে ধ্বংস করার জন্যে কংকরটি প্রেরিত হয়েছিল। সে যেকোনো পলায়ন করেছে, কংকরও তার পশ্চাদ্ধাবন করেছে। [কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩৪) যা সীমালংঘনকারীদের জন্য তোমার প্রতিপালকের নিকট চিহ্নিত।’ [1]

[1] مُسَوِّمَةً (নামাঙ্কিত বা চিহ্নিত) এগুলোর বিশেষ চিহ্ন ছিল, যার দ্বারা সেগুলো চিনা যেত। অথবা সেগুলো আযাবের জন্য নির্দিষ্ট ছিল। কেউ কেউ বলেছেন, যে কাঁকর দিয়ে যার মৃত্যু ঘটানো ছিল, সেই কাঁকরের উপর তার নাম লেখা ছিল। مُسْرِفِينَ (সীমালংঘনকারী); যারা শিরক ও ভ্রষ্টতায় বড়ই বেড়ে যায় এবং অবাধ্যতা ও পাপাচরণে সীমালংঘন করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4709>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন